

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

জুবিলী রোড শাখা, চট্টগ্রাম।

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স আল-রহমত এন্টারপ্রাইজ, মালিক-মোহাম্মদ আবদুল মান্নান, পিতা-মৃত আলহাজ্ব রহমত উল্লাহ, মাতা-সালমা খাতুন, ব্যবসায়িক ঠিকানা-৭৪/৩, জনতা মার্কেট, তামাকুমন্ডী লেইন, রিয়াজ উদ্দীন বাজার, থানা-কোতোয়ালি, জেলা- চট্টগ্রাম, বর্তমান ঠিকানা-ফ্ল্যাট নং-৭/বি, লেভেল-৭, দোয়েল-তালেব টাওয়ার, ১৭, বাউল রোড, পাথরঘাটা, থানা-কোতোয়ালি, জেলা-চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা-ফয়েজ কমিশনারের বাড়ী, গ্রাম-দক্ষিণ গোবিন্দর খীল, ডাকঘর-পটিয়া-৪৩৭০, পটিয়া পৌরসভা, থানা-পটিয়া, জেলা-চট্টগ্রাম কর্তৃক ইউসিবি, জুবিলী রোড শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণ গ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০/০৬/২০১৮ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২,৪০,২৪,৮১৮.৭৫ (দুই কোটি চল্লিশ লক্ষ চব্বিশ হাজার আটশত আঠারো টাকা পঁচাত্তর পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আর্থহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-চট্টগ্রাম, থানা-পটিয়া, মৌজা-লট ৭৫, শ্রীমাই, সাব-রেজিস্ট্রি অফিস-পটিয়া, আর.এস. খতিয়ান নং-১ ও ২, আর.এস. দাগ নং-৯৫২, ১৫৪০, ১৫৪১, ১৫৪৩, ১৫৪৪, ১৫৪৬, ১৫৪৮, ১৫৪৯, ১৫৫৭, ১৫৫৮, ৭৫২, ৭৪৬, ৭৩৭, ৭৩৯, ৭৪২, ৭৭১, ৭৭০, ৭৭২, ৭৭৩, ৭৭৪, ৭৭৫, ৯৫৩, ৯৬২, ১১৭৪, ১১৭৬, ১১৭৭, ১৫৪৫, ১৫৪৭, ১১৭৯, ১১৮০, ১১৮১, ১১৮৫, ৭৬৮, ৭৬৬, ১৫৩৫, ১৫৩৬, ১১৭৮ ও ১১৮৩, বি.এস. খতিয়ান নং-১৬১, নামজারী বি.এস. খতিয়ান নং-৪২৮, বি.এস. দাগ নং-১৫৭২, ১৮২৮, ১১৮৯, ১১৯০, ১৮২১, ১২০০, ১১৯৮, ১১৯৭, ১১১৫, ১২০১, ১২০৩, ১২০২, ১৮৭৪, ১৮৭৫, ১৮৭৭, ১৮৭৮ ও ১৮৮০, মোট জমির পরিমাণ ৩০৬.৪৯ শতক বা ৩.০৬৪৯ একর বা ১৫৩.২৪৫ গভা।

### নিলামের শর্তাবলী :-

- ১। আগামী ৩০/০৮/২০১৮ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, জুবিলী রোড শাখায় রক্ষিত বাঞ্ছা সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, জুবিলী রোড শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী,

স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

- ৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না ।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন ।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন ।

শাখা ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, জুবিলী রোড শাখা, চট্টগ্রাম ।